<u>জিইপি/বাহক মারফত</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
<u>ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd</u>

০৫
বিচারাদেশ নং ঃ ৫৬/২০২১, তারিখ ঃ ৩১/১০/২০২১ খ্রিঃ
নথি নং-৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/ তারিখ /১০/২০২০ খ্রিঃ
আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ মোঃ মাহবুবুজ্জামান
পদবী ঃ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

<u>মূল আদেশ</u>

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপিল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপিল আবেদনের উপর টাকা ১,২০০/- (এক হাজার দুইশ টাকা মাত্র) টাকা মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।
ক) ১৮৭০ সনের কোর্ট ফি ষ্ট্যাম্প এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং
খ) আপিল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপিল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর আইন ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপিল ছাড়াও আপিলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপিলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপিল আবেদনে তা সুস্পষ্টভাবে উলেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স গোল্ডেন সন লিমিটেড, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম।
খ) অনিয়ম এর বিবরণ ঃ বন্ড সুবিধায় শুল্কমুক্তভাবে আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির অভিযোগ।

<u>মামলার প্রেক্ষাপট</u>

৮। আলোচ্য প্রতিষ্ঠান মেসার্স গোল্ডেন সন লিমিটেড, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত বিভিন্ন ধরণের মোট ৩৪,৩৭,১৫৮.৮৯ (চৌত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার একশত আটান্ন দশমিক আট নয়) কেজি কাঁচামালের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হয়েছে। বন্ডিং মেয়াদ উত্তীর্ণ ৩৪,৩৭,১৫৮.৮৯ (চৌত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার একশত আটান্ন দশমিক আট নয়) কেজি কাঁচামালের শুল্কায়নযোগ্য মূল্য ৫৬,৭১,৭২,১৮৭.৮৩ (ছাপ্পান্ন কোটি একাত্তর লক্ষ বাহাত্তর হাজার একশত সাতাশি দশমিক আট তিন) টাকা ও জড়িত রাজস্ব ২১,৪৪,৫২,৩৪০.২৭ (একুশ কোটি চুয়াল্লিশ লক্ষ বায়ান্ন হাজার তিনশত চল্লিশ দশমিক দুই সাত) টাকা। প্রতিষ্ঠানের এহেন কার্যকলাপ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ৯৮ এর সুস্পষ্ট লংঘন। ফলে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ১১১ এর সাব সেকশন (বি) এর বিধান মোতাবেক বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাঁচামালের প্রযোজ্য শুল্ক করাদি আদায়যোগ্য এবং দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ১৫৬(১) এর টেবিলের দফা ৫১ অনুসরণপূর্বক দন্ড আরোপযোগ্য।

<u>কারণ দর্শানো নোটিশ জারী</u> ঃ

১১। মেসার্স গোল্ডেন সন লিমিটেড, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম এর বিপরীতে ৩৪,৩৭,১৫৮.৮৯ (চৌত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার একশত আটান্ন দশমিক আট নয়) কেজি বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাঁচামালের জড়িত রাজস্ব বাবদ ২১,৪৪,৫২,৩৪০.২৭ (একুশ কোটি চুয়াল্লিশ লক্ষ বায়ান্ন হাজার তিনশত চল্লিশ দশমিক দুই সাত) টাকা আদায়ের লক্ষ্যে এ দপ্তরের পত্র নং-৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/২৫০৬, তাং-১৩/০৬/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।

**লিখিত জবাব দাখিল ও শুনানী গ্রহণ ঃ-**

১২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের পত্র নং-GSL/BOND-TIME-OUT SCN/19/01, তাং-১৪/০৭/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের সময় বৃদ্ধির জন্য আবেদন করেছেন। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/ মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/৫২৭১, তাং-১৭/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের জন্য পত্র জারীর তারিখ হতে ১৫(পনের) দিন সময় বৃদ্ধি করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের পত্র নং-GSL/BOND-TIME-OUT SCN/19/02, তাং-০৩/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের সময় পুনরায় বৃদ্ধির জন্য আবেদন করেছেন। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/ মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/৫৮৫৪, তাং-০৭/১১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের জন্য পত্র জারীর তারিখ হতে ১৫(পনের) দিন সময় বৃদ্ধি করা হয় এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য ২৭/১১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা সময় নির্ধারণ করা হয়। অনিবার্য কারণে নির্ধারিত তারিখে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের শুনানী গ্রহণ করা সম্ভব হয়নি বিধায় এ দপ্তরের পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/ মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/৬২২৭, তাং-০১/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের জন্য পত্র জারীর তারিখ হতে ১৫(পনের) দিন সময় বৃদ্ধি করা হয় এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য ০৩/১২/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা সময় নির্ধারণ করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের পত্র নং-জিএসএল/২১ক/মেয়াদ উত্তীর্ণ/শুনানী/২০১৯/০৩, তাং-০২/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে ব্যক্তিগত শুনানীর সময় বৃদ্ধির জন্য আবেদন করেছেন এবং এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেননি। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নং- ৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/ মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/৬৬৭৫, তাং-১৮/১২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিলের জন্য পত্র জারীর তারিখ হতে ০৭(সাত) দিন সময় বৃদ্ধি করা হয় এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য ০৭/০১/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা সময় নির্ধারণ করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষত তাদের পত্র নং-জিএসএল/২১ক/মেয়াদ উত্তীর্ণ/শুনানী/২০১৯/০৬, তাং-০৭/০১/২০২০ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তর হতে জারীকৃত কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন। দাখিলকৃত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, বন্ড সুবিধায় আমদানিকৃত ২৮৮টি কাঁচামালের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ায় প্রযোজ্য শুল্ক করাদি বাবদ ২১,৪৪,৫২,৩৪০.২৭ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ বায়ান্ন হাজার তিনশত চল্লিশ দশমিক দুই সাত) টাকা আদায়ের লক্ষ্যে এ দপ্তর হতে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির আবেদন ও রীট পিটিশন নং-১৩৫৯১/২০১৯ এর আদেশের প্রেক্ষিতে ৯টি বিচারাদেশের মাধ্যমে ২৮৮টি কাঁচামালের মধ্যে ২৮৬ টি কাঁচামাল থেকে আনব্লককৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি করা হয়েছে, যে সকল কাঁচামাল বিভিন্ন মামলায় ব্লক করা আছে উক্ত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি করা হয়নি। উক্ত বিচারাদেশে বর্ধিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর এ দপ্তর কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন মর্মে উল্লেখ করেন। ২৮৮টি কাঁচামালের মধ্যে ১টি কাঁচামালের পূর্বে বন্ডিং মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল বিধায় উক্ত কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি করা হয়নি মর্মে উল্লেখ করেন। পূর্ব নির্ধারিত তারিখে প্রতিষ্ঠানের প্রতিনিধি জনাব রুবেল পাল, বাণিজ্যিক কর্মকর্তা প্রতিষ্ঠানের পক্ষে শুনানীতে উপস্থিত হয়ে লিখিত জবাবের পুনরাবৃত্তি করেন এবং মামলাটি দ্রুত নিস্পত্তির আবেদন করেন।

**পর্যালোচনা ঃ**

১৩। প্রতিষ্ঠানের লিখিত জবাব ও নথিতে রক্ষিত দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, কাঁচামালের তালিকায় ২৮৮টি ক্রমিক উল্লেখ থাকলেও একটি কাঁচামালের কোন পরিমাণ উল্লেখ নেই, সুতরাং ২৮৭টি ক্রমিকের কাঁচামালের শুল্কায়ন ও দাবীনামা জারী করা হয়েছে। ২৮৭টি ক্রমিকের মধ্যে ১৪৯টি ক্রমিকে বর্ণিত কাঁচামালের বন্ডিং মেয়াদ ৯টি বিচারাদেশের মাধ্যমে বৃদ্ধি করা হয়েছে, যার জড়িত রাজস্ব ৯,৩৯,৬৩,৬৪৪.৮৭ (নয় কোটি উনচল্লিশ লক্ষ তেষট্টি হাজার ছয়শত চুয়াল্লিশ দশমিক আট সাত) টাকা।

১৪। ২৮৭ - ১৪৯ = ১৩৮টি ক্রমিকের মধ্যে ১৩৭টি ক্রমিকের কাঁচামাল অবৈধ অপসারণের প্রেক্ষিতে বিভিন্ন সময়ে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলায় ব্লক করা আছে, যার জড়িত রাজস্ব ১২,০২,৪৯,৫২৩.৭৪ (বার কোটি দুই লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত তেইশ দশমিক সাত চার) টাকা। রাজস্ব ফাঁকির মামলার বিচারিক কার্যক্রম চলমান থাকায় মামলা নিস্পত্তি না হওয়া পর্যন্ত রপ্তানি অবশিষ্ট বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাঁচামালের জড়িত রাজস্ব আদায়ের কোন সুযোগ নেই।

১৪। অবশিষ্ট ১টি ক্রমিকে বর্ণিত কাঁচামালের বন্ডিং মেয়াদ পূর্বে ছয় মাস বৃদ্ধি করা হয়েছিল বিধায় উক্ত কাঁচামালের জড়িত রাজস্ব ২,৩৯,১৭১.৬৬ (দুই লক্ষ উনচল্লিশ হাজার একশত একাত্তর দশমিক ছয় ছয়) টাকা আদায়যোগ্য।

১৫। প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগ পর্যালোচনাপূর্বক নিম্নরূপ আদেশ প্রদান করা হলঃ

# আদেশ

১৫। বন্ডার মেসার্স গোল্ডেন সন লিমিটেড, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল বন্ডিং মেয়াদের রপ্তানি করতে ব্যর্থ হওয়ায় দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৮ লংঘনের ফলে ১,০০,০০০.০০ **(এক লক্ষ)** টাকা অর্থদন্ড আরোপ করা হলো। আরোপিত অর্থদন্ড এই আদেশ জারির ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো।

১৬। বন্ডার মেসার্স গোল্ডেন সন লিমিটেড, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামালের বন্ডিং মেয়াদ দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন ৯৮(২) অনুযায়ী মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে অনধিক ০৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়ছিল বিধায় উক্ত কাঁচামালের জড়িত রাজস্ব বাবদ ২,৩৯,১৭১.৬৬ (দুই লক্ষ উনচল্লিশ হাজার একশত একাত্তর দশমিক ছয় ছয়) টাকা ও অর্থদন্ডসহ মোট ৩,৩৯,১৭১.৬৬ (তিন লক্ষ উনচল্লিশ হাজার একশত একাত্তর দশমিক ছয় ছয়) টাকা এ আদেশ জারির ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো।

স্বাঃ/-
(মোঃ মাহবুবুজ্জামান)
কমিশনার
ফোন ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইল ঃ- cbcctg@yahoo.com

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স গোল্ডেন সন লিঃ,
খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম।

নথি নং-৫(১৩)কাবক/চট্টঃ/গোল্ডেন সন/মেয়াদ উত্তীর্ণ/০৯/২০১৯/ ৬৯৯ (২) তারিখ ৬/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৩। ইউপি নথি- মেসার্স গোল্ডেন সন লিঃ, খোয়াজনগর, আজিমপাড়া, কর্ণফুলী, চট্টগ্রাম।
৪-৫। লাইসেন্স নথি/ অফিস কপি।

০৬/১০/২০
(মোঃ কামরুল ইসলাম)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে



G:\reza bond.work\Golden son\GSL bichradesh File No. 09.2019. 21 cotl.docx